

গুরুদাসপুরে ১৩ প্রধান শিক্ষকের পদ শূন্য

৩ নভেম্বর ২০১৯ ০০:০০

আপডেট: ২ নভেম্বর ২০১৯ ২৩:৩০



আমাদের মমতা

নাটোরের গুরুদাসপুর উপজেলায় প্রাথমিক বিদ্যালয়ে ১৭টি শিক্ষকের পদ শূন্য রয়েছে। এর মধ্যে প্রধান শিক্ষকের পদ শূন্য আছে ১৩টি। এ উপজেলায় পুরুষের চেয়ে নারী শিক্ষক-শিক্ষার্থীর সংখ্যা বেশি। চলতি বছরে জরিপকৃত (বিশেষ চাহিদাসম্পন্নসহ) শতভাগ শিশু বিদ্যালয়ে ভর্তি হয়েছে এবং বাড়ে পড়ার হারও শূন্য রয়েছে। উপজেলা প্রাথমিক শিক্ষা অধিদপ্তর সূত্রে জানা যায়, উপজেলায় মোট সরকারি প্রাথমিক বিদ্যালয় ৯০টি। এখানে বেসরকারি প্রাথমিক বিদ্যালয় না থাকলেও দীর্ঘদিন ধরে ১৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের পদ শূন্য আছে। এ ছাড়া ৯০টি প্রাথমিক বিদ্যালয়ে অনুমোদিত সহকারী শিক্ষক পদে ৪৭৬টির মধ্যে আরও চারটি সহকারী শিক্ষকের পদ শূন্য আছে। য গুরুদাসপুর প্রতিনিধি

advertisement